

ত্রিপুরায় সৌরশক্তির ব্যবহার প্রসারে
এনবিআইআরটি-র সাথে সমঝোতাপত্র
সাক্ষর করলো ইকফাই বিশ্ববিদ্যালয়

কামালঘাট, ২২ এপ্রিল :

গ্রামীণ ত্রিপুরার বিভিন্ন এলাকায় সৌরশক্তি ও অন্যান্য বিজ্ঞানভিত্তিক প্রকল্প রূপায়ণের লক্ষ্যে কোলকাতাস্থিত এন বি ইনস্টিটিউট অব রুরাল টেকনোলজির সাথে সমঝোতাযোগী এক সমঝোতাপত্র সাক্ষর করলো রাজ্যের প্রখ্যাত উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা। শুক্রবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত এক অনুষ্ঠানে সমঝোতাপত্র সাক্ষর করেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার এবং এন বি ইনস্টিটিউট অব রুরাল টেকনোলজির চেয়ারম্যান তথা প্রথিতযশা বিজ্ঞান গবেষক ডঃ শক্তিপদ গণ চৌধুরী।

সমঝোতাপত্র অনুযায়ী দুই প্রতিষ্ঠান বিজ্ঞানসম্মত গবেষণা ও পরামর্শ আদান-প্রদানের পাশাপাশি সরকারী অনুদান নির্ভর বিভিন্ন প্রকল্প তৈরী এবং রূপায়ণে কাজ করবে। প্রসঙ্গত, রাজ্যের সুসন্তান তথা এন বি ইনস্টিটিউট অব রুরাল টেকনোলজির চেয়ারম্যান ডঃ শক্তিপদ গণ চৌধুরী সৌরশক্তির ব্যবহারের জন্য সারাদেশ তথা বিশ্বের বিভিন্ন দেশে সমাদৃত। সৌরশক্তির ব্যবহারভিত্তিক বহু প্রকল্প রূপায়ণে উনার অভিজ্ঞতা প্রশ্নাতীত। মূলত উনার পরামর্শ কাজে লাগিয়ে রাজ্যের গ্রামীণ জনগণের কল্যাণে কাজ করার উদ্দেশ্যেই সমঝোতাযোগী সমঝোতাপত্র সাক্ষর করলো ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা।

সমঝোতাপত্র সাক্ষর অনুষ্ঠানে ডঃ শক্তিপদ গণ চৌধুরীকে পুষ্পস্তবক ও স্মারক উপহার দিয়ে সম্বর্ধনা জানান বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার। সেখানে সৎক্ষিপ্ত ভাষণে ডঃ গণ চৌধুরী প্রত্যয় ব্যক্ত করে জানান, ভাল পরিকাঠামো এবং প্রতিভাসম্পন্ন শিক্ষকদের উদ্ভাবনী চিন্তাধারাকে কাজে লাগিয়ে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা সৌরশক্তির প্রসার ও ব্যবহারে এক ইতিবাচক ভূমিকা নিতে সক্ষম হবে।

সৌরশক্তির ব্যবহারভিত্তিক বিভিন্ন প্রকল্প তৈরী এবং কেন্দ্রীয় সরকারের অর্থানুকূলে ত্রিপুরার গ্রামীণ এলাকায় সেগুলির রূপায়ণ করার জন্য তিনি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান, কারিগরিশিক্ষা, ম্যানেজমেন্ট এবং অন্যান্য বিভাগের শিক্ষকদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য পেশ করেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ।